সৃজনশীল বাংলাদেশ

# জেলা শিল্পকলা একাডেমি, সিলেট

পূর্ব শাহী ইদগাহ, সিলেট ॥ ফোন : ০৮২১-৭১৯০৫৮

৪৩.২০.৯১০০.০০১.১৬.০০১.১৯.৩৪৯ (খ) (১-৩)

২১ শ্রাবণ ১৪২৭
৫ আগস্ট ২০২০

## জুলাই ২০২০ মাসের কার্যক্রমের তথ্যাদি

**০১। 'Art Against Corona ' (a social & cultural movement through art) এর অংশ হিসেবে নিয়মিত ফেসবুক লাইভ 'শিল্পআড্ডা' কর্মসূচির আয়োজন :** বাংলাদেশ শিল্পকলা একাডেমির 'Art Against Corona ' অংশ হিসেবে 'শিল্পআড্ডা' শিরোনামে নিয়মিত ফেসবুক লাইভ সম্প্রচার কর্মসূচিটি চলমান রয়েছে। জেলা শিল্পকলা একাডেমি সিলেটের সামাজিক যোগাযোগ মাধ্যম অফিসিয়াল ফেসবুক পেইজে প্রতিদিন রাত সাড়ে ৮টা থেকে ১০টা পর্যন্ত দেড় ঘন্টার এই আয়োজনটিতে উঠে আসে দেশ-বিদেশের গুণীশিল্পী ও জাতীয় পর্যায়ের শিল্পীদের সঙ্গীত, আবৃত্তি, অভিনয়, যন্ত্রের সুর ও আলোচনা। শিল্পআড্ডার বাইরেও প্রোগ্রামটিতে বিশেষ বিশেষ দিনে কিংবা উপলক্ষে বিশেষ আয়োজন করা হয়েছে। যেমন পঞ্চকবিকে নিয়ে আয়োজন 'সুর ও বাণী', রবীন্দ্রজয়ন্তীতে 'কবি প্রণাম', তরুণদের ভাবনা ও সৃজনশীলতা, তারুণ্যেও জয়গান, সৃষ্টিশীল তারুণ্য নিয়ে আয়োজন, তরুণদের শিল্পভাবনা, নজরুল জয়ন্তীতে 'অঞ্জলি লহ মোর সংগীতে', সুদিনের প্রত্যাশায় শিল্প আয়োজন 'তোমায় গান শোনাবো', 'আলোর ঝর্ণাধারা', বিশেষ চাহিদা সম্পন্ন শিল্পীদের নিয়ে সংগীতায়োজন 'আমরা করবো জয়', শিল্প ভাবনা 'কথা ও সুর', জনপ্রিয় শিল্পীদের নিয়ে সংগীতায়োজন 'তিন প্রজন্ম', সুর ও যন্ত্রে শিল্প আয়োজন এবং তারকা কথন। এছাড়াও জাতীয় পর্যায়ে স্বর্ণপদক প্রাপ্ত শিশুশিল্পী, তরুণ প্রজন্মের শিল্পী, বিভিন্ন রিয়ালিটি শো-এর তারকা শিল্পীদের নিয়ে শিল্প আয়োজনসহ করোনা সচেতনতা বিষয়ক ডাক্তারী পরামর্শ আয়োজন করা হয়। ২৯ এপ্রিল থেকে কর্মসূচিটি শুরু হয়ে ৩১ জুলাই টানা প্রতিদিন একটি হিসেবে ৯২তম পর্ব অনুষ্ঠিত হয়।

**০২। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ডাটাবেইজ তৈরির জন্য সিলেট জেলার শিল্পীদের (কণ্ঠ, নৃত্য ও যন্ত্র) তালিকা প্রেরণ :** বাংলাদেশের সমৃদ্ধ সংস্কৃতিকে বহির্বিশ্বে তুলে ধরার জন্য বিশ্বের বিভিন্ন দেশ এবং বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস এর আমন্ত্রণে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক Cultural Exchange Programe ও অন্যান্য কর্মসূচির আওতায় আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য সাংস্কৃতিক প্রতিনিধি দল বিদেশে প্রেরণের কার্যক্রম সুচারুভাবে সম্পাদনের জন্য জেলা ও উপজেলা পর্যায়ের শিল্পীদের (কণ্ঠ, নৃত্য ও যন্ত্র) প্রস্তুতের লক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ডাটাবেইজ তৈরির জন্য বিভিন্ন মাধ্যম থেকে প্রাপ্ত সিলেট জেলার পরীক্ষিত শিল্পীদের (কণ্ঠ, নৃত্য ও যন্ত্র) তালিকা ১৫ জুলাই জেলা প্রশাসক বরাবরে এতদসহ প্রেরণ করা হয়েছে।

**০৩। ২৩ জন সংস্কৃতিসেবীকে এককালীন আর্থিক সহায়তা প্রদান :** বিশ্বব্যাপী কোভিড-১৯ বিস্তার লাভ করার কারণে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় থেকে অসচ্ছল সংস্কৃতিসেবীদের এককালীন আর্থিক সহায়তা হিসেবে জেলা শিল্পকলা একাডেমির ব্যবস্থাপনায় সামাজিক দূরত্ব ও স্বাস্থ্যবিধি মেনে ১৬ জুলাই সিলেট জেলার ২৩জন সংস্কৃতিসেবীকে জনপ্রতি ৫,০০০/- টাকা হাতে চেক প্রদান করা হয়েছে।

**০৪। সিলেট জেলার শিল্পী ডাটাবেইজ সংক্রান্ত কার্যক্রম পরিচালনা :** বাংলাদেশ শিল্প-সংস্কৃতি ঋদ্ধ দেশ। এই দেশের জেলা ও উপজেলার প্রত্যন্ত অঞ্চলে অনেক শিল্পী রয়েছেন। সঠিক তালিকাভুক্ত না হওয়ায় অনেক শিল্পী আজীবন সবার অগোচরে থেকে যাচ্ছেন। এ থেকে উত্তরণের জন্য বাংলাদেশ শিল্পকলা একাডেমি দেশের সকল শ্রেণির শিল্পীদের তথ্য সংগ্রহের উদ্যোগ গ্রহণ করেছে। এরই অংশ হিসেবে বাংলাদেশের সকল শিল্পী এবং সাংস্কৃতিক সংগঠন/ প্রতিষ্ঠানসমূহের সার্বিক তথ্য সংগ্রহপূর্বক ডাটাবেইজ করার নিমিত্ত জেলা শিল্পকলা একাডেমি সিলেটের সার্বিক ব্যবস্থাপনা ও তত্ত্বাবধানে সিলেট জেলার সকল শ্রেণির মান সম্পন্ন শিল্পী এবং সাংস্কৃতিক সংগঠন/ প্রতিষ্ঠানসমূহের তথ্য ছক পূরণের কাজ শুরু হয়েছে। এ প্রেক্ষিতে সিলেট জেলার (উপজেলা ও মহানগরসহ) সকল শ্রেণির সংস্কৃতিমান ব্যক্তিত্ব এবং সাংস্কৃতিক সংগঠন/ প্রতিষ্ঠানসমূহকে নির্ধারিত তথ্য ছক (ফরম) সংগ্রহপূর্বক পূরণকৃত ফরমটি (ফরমের শেষাংশে উল্লিখিত সংযুক্তিসহ) জমা নেওয়া হয়।

*[চলমান পাতা -২]*